বাংলাদেশ স্কাউটস, গুরুদাসপুর উপজেলা শাখা ,নাটোর এর
নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতিঃ ফাহমিদা আফরোজ
উপজেলা নির্বাহী অফিসার
গুরুদাসপুর,নাটোর।

তারিখঃ ০৬/০৫/২০২৫ খ্রিঃ

সময়ঃ সকাল ১১.০০ঘঃ

স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় গুরুদাসপুর,নাটোর।

উপস্থিত সদস্যদের স্বাক্ষর পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সভার এজেন্ডা অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, উপদল কোর্স করার জন্য মাধ্যমিক ,মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৬ষ্ঠ হতে ৯ম শ্রেণি পর্যন্ত তিনটি শ্রেণি থেকে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের দুইজন করে শিক্ষার্থী নিয়ে মোট ৫০টি শিক্ষা প্রতিষ্ঠানের ১০০ জন শিক্ষার্থীকে দুইটি দলে ভাগ করে উপদল নেতা কোর্স করা যেতে পারে।এছাড়াও সম্পাদক নির্বাচন, স্কাউটস চাঁদা আদায়,স্কাউটস সমাবেশ এবং স্কাউটস ও গার্লস গাইডের জন্য অফিস বরাদ্দ প্রভৃতি বিষয়ে সভায় আলোকপাত করা হয়। বিস্তারিত আলোচনা শেষে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ

১। **সম্পাদক নির্বাচনঃ** সম্পাদক পদত্যাগ করার কারণে পদটি শূন্য ছিলো। জনাব মোঃ মহিদুল ইসলাম,সহকারি শিক্ষক (শরীরচর্চা ), বিলসা দাখিল মাদ্রাসা,গুরুদাসপুর,নাটোর কে সর্বসম্মতিক্রমে সম্পদক নির্বাচিত করা হয়।

২। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০০০/- ( দুই হাজার টাকা ) করে অনুদান/চাঁদা আগামী ২০/০৫/২০২৫খ্রিঃ তারিখের মধ্যে রশিদের মাধ্যমে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, গুরুদাসপুর,নাটোরে জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়।

**দায়িত্বঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, গুরুদাসপুর,নাটোর।

৩। **প্রশিক্ষক মনোনয়নঃ** জনাব গোলাম মর্তুজা আলী,প্রধান শিক্ষক,গুরুদাসপুর মডেল সঃপ্রাঃবিঃ,এএলটি ও জনাব গোলাম মোস্তফা, সহকারি কমিশনার এবং জনাব মোঃ মহিদুল ইসলাম, সম্পাদককে প্রশিক্ষক মনোনয়নের দায়িত্ব প্রদান করা হয়। তাঁরা প্রশিক্ষকের নামের তালিকা আগামী ২৫/০৫/২০২৫খ্রিঃ তারিখে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, জমা দানের জন্য অনুরোধ করা হয়। একইসাথে তাদেরকে উপদল নেতা কোর্স সম্পন্ন করার লক্ষ্যে সম্ভাব্য বাজেট প্রণয়ন পূর্বক একই তারিখে একই অফিসে জমাদানের জন্য অনুরোধ করা হয়।

৪। উপদল নেতা কোর্সের সম্ভাব্য তারিখ আগামী ১৫/০৬/২০২৫খ্রিঃ তারিখ থেকে ১৮/০৬/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারন করা হয় ।

**ভেন্যুঃ** ধারাবারিষা উচ্চ বিদ্যালয়,গুরুদাসপুর,নাটোর।

৫। সমস্ত টাকা আদায়,উপদল নেতা কোর্সে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নামের তালিকা,প্রশিক্ষকের নামের তালিকা প্রভৃতি প্রাপ্তির পর কোর্স পরিচালনার পূর্বে এই কমিটির আর একটি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**দায়িত্বঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও জনাব মোঃ মহিদুল ইসলাম, সম্পাদক, গুরুদাসপুর, নাটোর।

৬। উপদল নেতা কোর্সে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নামের তালিকা আগামী ২০/০৫/২০২৫খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, গুরুদাসপুর,নাটোরে জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়।

**দায়িত্বঃ** সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, গুরুদাসপুর,নাটোর।

৭। **২০২৫ সালের স্কাউটস চাঁদা আদায়ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ রশিদের মাধ্যমে চাঁদা প্রদান করছেন মর্মে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন। এ চাঁদা আদায় শেষে সমুদয় অর্থ স্কাউটস হিসাব নম্বরে জমা প্রদান করা হবে মর্মে তিনি জানান।

**দায়িত্বঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,গুরুদাসপুর,নাটোর।

৮। **২০২৫ সালের স্কাউটস সমাবেশঃ** আগামী অক্টোবর ২০২৫ মাসে স্কাউটস সমাবেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**দায়িত্বঃ** নির্বাহী কমিটি, বাংলাদেশ স্কাউটস,গুরুদাসপুর শাখা,নাটোর।

৯। **স্কাউটস ও গার্লস গাইড এর জন্য অফিস বরাদ্দঃ** যেহেতু উপজেলা নির্বাহী অফিসার পদাধিকার বলে স্কাউটের সভাপতি সেহেতু উপজেলা পরিষদের পুরাতন ভবনে " উপেজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষটি "বরাদ্দ প্রদানের জন্য নির্বাহী কমিটির সকল সদস্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার বিষয়টির গুরুত্ব অনুধাবন পূর্বক সম্মতি জ্ঞাপন করেন।

সভায় আর কোনো বিষয় আলোচনা না থাকায় সভাপতি স্কাউটকে শক্তিশালী ও গতিশীল করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৫/২০২৫

( ফাহমিদা আফরোজ )
উপজেলা নির্বাহী অফিসার
গুরুদাসপুর,নাটোর।

স্মারক নং- উমাশিঅ/গুরু/নাট/স্কাউটস/২৫/১০৪(৬১)

তারিখঃ০৬/০৫/২০২৫খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে প্রেরণ করা হলো।

১। জেলা প্রশাসক,নাটোর
২। অতিরিক্ত জেলা প্রশাসক ( শিক্ষা ও আইসিটি),নাটোর
৩। জেলা শিক্ষা অফিসার,নাটোর
৪। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, নাটোর জেলা শাখা,নাটোর
৫-৬০।জনাব, ........................ ,গুরুদাসপুর,নাটোর
৬১। অফিস কপি।

০৬/০৫/২০২৫

( মোঃ সেলিম আকতার )
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
গুরুদাসপুর,নাটোর।